

নং শিম/শাঃ ১৭/৪ বিমক-৩/২০০২(অংশ-১)/৬৭৫

তারিখঃ ২৮/১১/২০১১ খ্রিস্টাব্দ
১৪/০৮/১৪১৮ বঙ্গাব্দ

প্রজ্ঞাপন


বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আদেশ, ১৯৭৩ (রাষ্ট্রপতির আদেশ নং ১০/৭৩) এর সংশোধিত আইন ১৯৯৮ এর ২(বি) ধারা অনুযায়ী নিম্নবর্ণিত ৩ (তিন) জন বিশিষ্ট শিক্ষাবিদকে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পূর্ণকালীন সদস্য পদে প্রেষণে নিয়োগ প্রদান করা হলো :

(১)	অধ্যাপক ড. আখতার হোসেন, অধ্যাপক, সার্জারি ও অবস্টেট্রিক্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ;
(২)	অধ্যাপক ড. আবুল হাশেম, অধ্যাপক, ডিপার্টমেন্ট অব একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
(৩)	অধ্যাপক ড. মোহাম্মদ মোহাম্মত খান, অধ্যাপক, লোক প্রশাসন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

শর্তাবলী :

- (১) সদস্যগণের নিয়োগের মেয়াদ ৪ (চার) বছর হবে। তবে সরকার প্রয়োজন মনে করলে নির্ধারিত মেয়াদ শেষ হওয়ার পূর্বেও কোন সদস্যকে দায়িত্ব হতে অব্যাহতি দিতে পারবেন;
- (২) তাঁরা বর্তমানে অধ্যাপক হিসেবে যে বেতন-ভাতা পাচ্ছেন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য হিসেবে একই বেতন ভাতাদি পাবেন;
- (৩) কমিশনের সদস্য হিসেবে প্রচলিত বিধি অনুযায়ী বাসস্থান, চিকিৎসা ও যানবাহন সুবিধাদি পাবেন; এবং
- (৪) তাঁদের এ নিয়োগ যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে,



(লায়লা আরজুমন্দ বানু)
উপ-সচিব (বিশ্বঃ ১)
ফোনঃ ৭১৬১১৭৬

নং শিম/শাঃ ১৭/৪ বিমক-৩/২০০২(অংশ-১)/৬৭৫(১৫)

তারিখঃ ২৮/১১/২০১১ খ্রিস্টাব্দ
১৪/০৮/১৪১৮ বঙ্গাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার উত্তিতে নয়) :

- ১। চেয়ারম্যান (প্রতিমন্ত্রীর পদমর্যাদা), বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরে-বাংলানগর, ঢাকা-১২০৭।
- ২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৪। রাষ্ট্রপতির সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ৫। অধ্যাপক ড. আখতার হোসেন, অধ্যাপক, সার্জারি ও অবস্টেট্রিক্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
- ৬। অধ্যাপক ড. আবুল হাশেম, অধ্যাপক, ডিপার্টমেন্ট অব একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৭। অধ্যাপক ড. মোহাম্মদ মোহাম্মত খান, অধ্যাপক, লোক প্রশাসন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৮। প্রধান তথ্য অফিসার, পি.আই.ডি. তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯-১০। রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা / বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
- ১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরে-বাংলানগর, ঢাকা-১২০৭।
- ১৩। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৫। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। উপর্যুক্ত প্রজ্ঞাপনটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।


(লায়লা আরজুমন্দ বানু)
উপ-সচিব (বিশ্বঃ ১)